তারিখ ... 18 JUN 2016 ...
পৃষ্ঠা ...২..১৬ কলাম...৪......

সংবাদ

উচ্চ মাধ্যমিকে ভর্তি

# বরিশাল বোর্ডের মেধা তালিকায় ক্রম লঙ্ঘন

জেলা বার্তা পরিবেশক, বরিশাল

২০১৬ সালের মাধ্যমিক পরীক্ষায় বরিশাল নগরীর সরকারি বালিকা বিদ্যালয়ের বিজ্ঞান বিভাগের ছাত্রী (রোল ১৪৮২৮৯) নুসরত জাহান নিতু সবকটি বিষয়ে এ প্লাস নম্বর পেয়ে পাস করেছে। উচ্চ মাধ্যমিকে ভর্তির জন্য সে শুধুমাত্র বরিশাল সরকারি মহিলা কলেজ চয়েস দিয়ে বরিশাল বোর্ডে অনলাইনে আবেদন করে। বৃহস্পতিবার উচ্চ মাধ্যমিকের ভর্তি মেধা তালিকা প্রকাশিত হলে সেখানে নুসরাত জাহান নিতুর নাম থাকে অপেক্ষমাণ তালিকার ৯ নম্বরে। একই বিদ্যালয়ের ছাত্রী নাফিসা তাবাসসুম মাধ্যমিক পরীক্ষায় (রোল-১৪৮৪০২) জিপিএ-৫ পেয়ে পাস করলেও এক বিষয়ে তার এ প্লাস নম্বর নেই। অথচ সরকারি মহিলা কলেজে নাফিসা তাবাসুমের নাম ভর্তি তালিকায় ১০৩ নম্বরে। উচ্চ মাধ্যমিকে ভর্তির মেধা তালিকায় মেধার ক্রম লঙ্ঘনের এরকম অসংখ্য অভিযোগ পাওয়া গেছে বরিশাল শিক্ষা বোর্ড কর্তৃপক্ষের বিরুদ্ধে।

বরিশাল সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর এনায়েত হোসেন বলেন, বৃহস্পতিবার বোর্ডের মেধা তালিকা কলেজের বোর্ডে টানানোর পর তার কাছে অর্ধশতাধিক ছাত্রী এবং তাদের অভিবাবক এসে অভিযোগ করেছেন, মাধ্যমিক পরীক্ষায় সবকটি বিষয়ে এ প্লাস পেয়েও তাদের নাম ভর্তির তালিকায় নেই। কারো নাম উঠেছে অপেক্ষমান তালিকায়। অথচ দু-একটি বিষয়ে এ পাস নম্বর পায়নি এমন অনেক পরীক্ষার্থীও ভর্তি তালিকায় সুযোগ পেয়েছেন। এ নিয়ে অসন্তোষের সৃষ্টি হয়েছে শিক্ষার্থী এবং অভিভাবক মহলে। অধ্যক্ষ বলেন, তিনি অভিভাবকদের বলেছেন, এসব অভিযোগ তার কিছু করণীয় নেই। আবেদন গ্রহণ এবং মেধাতালিকা প্রস্তুত করেছে বরিশাল বোর্ড কর্তৃপক্ষ।

এ প্রসঙ্গে বরিশাল বোর্ডের কলেজ পরিদর্শক ড. লিয়াকত হোসেন বলেন, কোন কারণে মেধাক্রম লঙ্ঘন হয়ে থাকলে তাতে বোর্ড কর্তৃপক্ষের কোন হাত নেই। কারন পুরো তালিকা প্রস্তুত করেছে বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং বিশ্ববিদ্যালয় (বুয়েট)। তবে কলেজ পরিদর্শক বলেন, মুক্তিযোদ্ধাসহ বিভিন্ন কোটা সুবিধার কারণে মাধ্যমিকে কম পয়েন্ট পাওয়া অনেক পরীক্ষার্থীর নাম উচ্চ মাধ্যমিকে ভর্তির মেধা তালিকায় উপরে উঠে আসার সম্ভবনা রয়েছে। সরকারি মহিলা কলেজে

উচ্চ : পৃষ্ঠা : ২ ক : ৪

## উচ্চ : মাধ্যমিকে

(১৬ পৃষ্ঠার পর)

ভর্তিবঞ্চিত নুসরত জাহান নিতু এ নিয়ে ক্ষোভ প্রকাশ করে বলেন, ভালো ফল করেও আমার পছন্দমতো কলেজে ভর্তির সুযোগ পাচ্ছি না। বোর্ডের নিয়মের জাঁতাকলে পড়ে কম মেধাবীরা ভালো কলেজে ভর্তির সুযোগ পাচ্ছে।

বরিশাল ইসলামিয়া কলেজের অধ্যক্ষ মহসিন ইসলাম হাবুল বলেন, চলতি শিক্ষাবর্ষে উচ্চ মাধ্যমিকে ভর্তির মেধা তালিকা নিয়ে মেধা তালিকা লঙ্ঘনের অভিযোগ করেছেন অনেক শিক্ষার্থী এবং অভিভাবক। বোর্ডের আওতাধীন বিভিন্ন কলেজে এ নিয়ে ক্ষোভ রয়েছে। বিষয়টি নিয়ে বোর্ড কর্তৃপক্ষের আগেই সতর্ক হওয়া উচিত ছিল।

এ প্রসঙ্গে বরিশাল বোর্ড চেয়ারম্যান প্রফসর মু. জিয়াউল হক সাংবাদিকদের বলেন, মেধা তালিকা তৈরি করেছে বুয়েট। সুনির্দিষ্ট অভিযোগ পেলে বুয়েটকে অবহিত করা হবে। সব বিষয়ে এ প্লাস পেলেই মেধা তালিকায় থাকবে এমন কোন কথা নেই। কলেজ অধ্যক্ষদের কাছে অভিভাবকরা অভিযোগ জানালেও তারা মেধাতালিকা তৈরির প্রকৃত নিয়ম জানেন না।